ইমামের পশ্চাতে ক্বিরাআত

ইমাম সশব্দে ক্বিরাআত করলে মুক্তাদীকে ক্বিরাআত করতে হয় না। বিশেষ করে সশব্দে কোন সূরা পাঠ করা মুক্তাদীর জন্য বৈধ নয়। বরং ইমামের ক্বিরাআত চুপ করে শুনতে হয়।

মহান আল্লাহ বলেন,

(وَإِذَا قُرِئَ الْقُرْآنُ فَاسْتَمِعُوْا لَهُ وَأَنْصِتُوْا لَعَلَّكُمْ تُرْحَمُوْنَ)

অর্থাৎ, যখন কুরআন পাঠ করা হয়, তখন তোমরা মনোযোগ সহকারে শোন এবং চুপ থাক। *(সূরা আরাফ ২০৪)*

সাহাবাগণ নামাযে সশব্দে ক্বিরাআত পড়তেন। একদা কোন জেহরী নামায থেকে সালাম ফিরে আল্লাহর নবী ﷺ বললেন, "তোমাদের মধ্যে কেউ কি আমার সাথে (সশব্দে) কুরআন পড়েছে?" এক ব্যক্তি বলল, হ্যাঁ, হে আল্লাহর রসূল! তিনি বললেন, "তাতেই আমি ভাবছি যে, আমার ক্বিরাআতে ব্যাঘাত সৃষ্টি হচ্ছে কেন।" আবূ হুরাইরা বলেন, এই কথা আল্লাহর রসূল ﷺ-এর কাছ থেকে শোনার পর লোকেরা তাঁর সাথে জেহরী নামাযে ক্বিরাআত করা থেকে বিরত হয়ে গেল। *(মালেক, আহমাদ, মিশকাত ৮৫৫নং)*

মহানবী ﷺ বলেন, "যার ইমাম আছে, তার ইমামের ক্বিরাআত তার ক্বিরাআত।" *(আহমাদ, ইবনে মাজাহ, সহীহুল জামে ৬৪৮৭নং)*

তিনি বলেন, "ইমাম তো এই জন্য বানানো হয় যে, তার অনুসরণ করা হবে। অতএব সে যখন 'আল্লাহু আকবার' বলে, তখন তোমরা 'আল্লাহু আকবার' বল এবং যখন ক্বিরাআত করে তখন চুপ থাক।" *(আবূ দাউদ, নাসাঈ, ইবনে আবী শাইবাহ, ইবনে মাজাহ, বাইহাকী, সহীহুল জামে ২৩৫৮-২৩৫৯নং)*

এ হল সাধারণ হুকুম। জেহরী নামাযে সশব্দে মুক্তাদী কোন ক্বিরাআত করতে পারবে না। কিন্তু নিঃশব্দে কেবল সূরা ফাতিহা পড়ার ব্যাপারটা ব্যতিক্রম। কারণ, সূরা ফাতিহার রয়েছে পৃথক বৈশিষ্ট্য।

মহানবী ﷺ বলেন,

"সেই ব্যক্তির নামায হয় না, যে ব্যক্তি তাতে সূরা ফাতিহা পাঠ করে না।" *(বুখারী, মুসলিম, আবূ আওয়ানাহ, বাইহাকী, ইরওয়াউল গালীল ৩০২নং)*

"সেই ব্যক্তির নামায যথেষ্ট নয়, যে তাতে সূরা ফাতিহা পাঠ করে না।" *(দারাকুতনী, ইবনে হিব্বান, ইরওয়াউল গালীল ৩০২নং)*

"যে ব্যক্তি এমন কোনও নামায পড়ে, যাতে সে সূরা ফাতিহা পাঠ করে না, তার ঐ নামায (গর্ভচ্যুত ভ্রূণের ন্যায়) অসম্পূর্ণ, অসম্পূর্ণ, অসম্পূর্ণ।" *(মুঃ, আআঃ, মিঃ ৮২৩নং)*

"আল্লাহ তাআলা বলেন, 'আমি নামায (সূরা ফাতিহা)কে আমার ও আমার বান্দার মাঝে আধাআধি ভাগ করে নিয়েছি; অর্ধেক আমার জন্য এবং অর্ধেক আমার বান্দার জন্য। আর আমার বান্দা তাই পায়, যা সে প্রার্থনা করে।' *(মুসলিম ৩৯৫, আবূ দাউদ, তিরমিযী, প্রমুখ, মিশকাত ৮২৩নং)*

"উম্মুল কুরআন (কুরআনের জননী সূরা ফাতিহা) এর মত আল্লাহ আয্যা অজাল্ল্ তাওরাতে এবং ইঞ্জিলে কোন কিছুই অবতীর্ণ করেন নি। এই (সূরাই) হল (নামাযে প্রত্যেক রাকআতে) পঠিত ৭টি আয়াত এবং মহা কুরআন, যা আমাকে দান করা হয়েছে।" *(নাসাঈ, তিরমিযী, হাকেম, মিশকাত ২১৪২ নং)*

সাহাবী উবাদাহ বিন সামেত বলেন, একদা আমরা আল্লাহর রসূল ﷺ-এর পশ্চাতে ফজরের নামায পড়ছিলাম। তিনি ক্বিরাআত পড়তে লাগলে তাঁকে ক্বিরাআত ভারী লাগল। সালাম ফিরার পর তিনি বললেন, "সম্ভবতঃ তোমরা ইমামের পিছনে ক্বিরাআত কর।" আমরা বললাম, 'হ্যাঁ, আল্লাহর রসূল! (আমরা তো তা করি।) তিনি বললেন, "না, ক্বিরাআত করো না। অবশ্য সূরা ফাতিহা পড়ো। কারণ, যে তা পড়ে না তার নামায হয় না।" *(আবূ দাউদ, তিরমিযী, নাসাঈ, দারাকুতনী, হাকেম, মিশকাত ৮২৩নং)*

পক্ষান্তরে ইমাম জেহরী নামাযের শেষ এক বা দুই রাকআতে অথবা সিরী নামাযে নিঃশব্দে ক্বিরাআত করলে অথবা তাঁর ক্বিরাআত শুনতে না পাওয়া গেলেও মুক্তাদী সূরা ফাতিহা অবশ্যই পড়বে এবং সেই সাথে অন্য সূরাও পড়তে পারে।

যে আবূ হুরাইরা বলেন, 'এই কথা আল্লাহর রসূল ﷺ-এর কাছ থেকে শোনার পর লোকেরা তাঁর সাথে জেহরী নামাযে ক্বিরাআত করা থেকে বিরত হয়ে গেল।' সেই (সূরা ফাতিহার গুরুত্ব নিয়ে হাদীস বর্ণনাকারী) আবূ হুরাইরাকে প্রশ্ন করা হল যে, (সূরা ফাতিহার এত গুরুত্ব হলে) ইমামের পশ্চাতে কিভাবে পড়া যাবে? উত্তরে তিনি বললেন, 'তুমি তোমার মনে মনে পড়ে নাও। কারণ, আমি আল্লাহর রসূল ﷺ-কে বলতে শুনেছি, "আল্লাহ তাআলা বলেন, 'আমি নামায (সূরা ফাতিহা)কে আমার ও আমার বান্দার মাঝে আধাআধি ভাগ করে নিয়েছি; অর্ধেক আমার জন্য এবং অর্ধেক আমার বান্দার জন্য। আর আমার বান্দা তাই পায়, যা সে প্রার্থনা করে।' *(মুসলিম ৩৯৫, আবূ দাউদ, তিরমিযী, আবূ আওয়ানাহ, প্রমুখ, মিশকাত ৮২৩নং)*

যদি বলেন, আদবের নিয়ম এই যে, জামাআতের মধ্যে একজন কথা বলবে এবং বাকী সবাই চুপ থাকবে। সবাই কথা বললে শ্রোতা বুঝতে পারে না এবং সম্মানিত শ্রোতার শানে বেআদবী হয়।

তাহলে আমরা বলব যে, তাই যদি হয়, তাহলে ইস্তিফতাহ, তাসবীহ, তাশাহহুদ ইত্যাদি কেন সবাই বলে থাকে? তাতে কি বেআদবী হয় না? তা কি বুঝতে আল্লাহর অসুবিধা হয় না? তাছাড়া একই সাথে বিশ্বের কত শত মুসলমান একই সময়ে এক সাথে কত ইমাম, কত নফল নামাযী নামাযে সূরা ফাতিহা পড়ে, তখন কি এই অসুবিধা হয় না? মানুষের সাথে আল্লাহর তুলনা? নাকি আল্লাহর কুদরতে সন্দেহ? আসলে যেখানে দলীল আছে সেখানে আকেল দ্বারা কাজ নেওয়া আক্কেলের কাজ নয়।

প্রকাশ থাকে যে, যদি কোন কারণবশতঃ মুক্তাদী ইমামের পিছনে সূরা ফাতিহা পড়তে ভুলে যায়, তাহলে তাতে তার নামায হয়ে যাবে। ঐ রাকআত তাকে কাযা করতে হবে না। কারণ, ভুলের আমল ধর্তব্য নয়। *(ফাতাওয়া ইসলামিয়া ১/২৬৪)*

মওলানা আব্দুল হামীদ মাদানী প্রণীত "স্বালাতে মুবাশ্‌শির" বই থেকে উদ্ধৃত